বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50
শিক্ষা নিয়ে গড়ব দেশ শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫।
www.banbeis.gov.bd

মুজিব 100

স্মারক নং- ৩৭. ২০.০০০০.০০৩.৩১.০৬৩-২০১৮, ৪৯৬৪ তারিখ: ২ মাঘ ১৪২৮ / ১৬ জানুয়ারি ২০২২

**বিষয়: চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় ব্যানবেইস এর করনীয় নির্ধারণবিষয়ক কমিটির সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | শেখ মোঃ আলমগীর<br>চিফ, পরিসংখ্যান বিভাগ, ব্যানবেইস |
| সভার স্থান | : | চিফ পরিসংখ্যান এর অফিস কক্ষ, ব্যানবেইস |
| সভার তারিখ | : | ১৩ জানুয়ারি ২০২২ |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট-'ক'। |

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি ব্যানবেইস প্রশিক্ষণেচতুর্থ শিল্প বিপ্লবের প্রযুক্তি সংশ্লিষ্ট প্রশিক্ষণ মডিউল চূড়ান্ত করতে সকলের মতামত আহ্বান করেন। তিনি বলেন চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় আমাদেরকে ব্লকচেইন ও এআই প্রযুক্তি ব্যবহার ও বিগ ডেটা এনালাইসিস এর সক্ষমতা অর্জন করতে হবে। আর এ লক্ষ্যে প্রশিক্ষণের কোনো বিকল্প নেই। তিনি সকলকে তাদের মূল্যবান মতামত প্রদানের জন্য অনুরোধ করেন।

০২। আলোচনায় অংশ নিয়ে জনাব সুজন চন্দ্র দাস, সহকারী প্রোগামার বলেন প্রথমে আমাদের প্রশিক্ষণের লক্ষ্য ও উদ্দেশ্য ঠিক করার প্রতি গুরুত্ব আরোপ করতে হবে; সেই সাথে আমরা কী ধরণের বিগ ডেটা এনালাইসিস করতে পারব তার একটা চূড়ান্ত ধারণা গ্রহণের প্রতি দৃষ্টি আকর্ষণ করেন।

০৩। জনাব মোঃ নাসির উদ্দিন গনি, উপপ্রকল্প পরিচালক, IEIMS প্রকল্প, ব্যানবেইস বলেন বিগ ডেটা এনালাইসিস এর বিষয়ে আমরা এসংক্রান্ত বিশেজ্ঞদের মতামত গ্রহণ করতে পারি। এর ফলে আমাদের মতামত অনেক মানসম্মত হবে।

০৪। আলোচনায় অংশ নিয়ে জনাব মোহাম্মদ ফখরুল হাসান, পরিসংখ্যান কর্মকর্তা বলেন আমাদের কার্যক্রমকে আমরা দুই ভাগে ভাগ করতে পারি। প্রথমত বিদ্যমান সংগৃহীত ডেটার ভিত্তিতে সামান্যতম প্রযুক্তি সহায়তা ও কোন বিষয়ে প্রশিক্ষণ নিলে আমরা দ্রুততম সময়ে এনালাইটিক্যাল রিপোর্ট প্রণয়নে সক্ষম হব সেই বিষয়টি ঠিক করা। আর পরবর্তীতে ব্যাপকভাবে বিগ ডেটা এলালাইসিস ও এনালাইটিক্যাল রিপোর্ট প্রণয়নের জন্য আমাদের কী কী প্রযুক্তিগত সহায়তা ও নিয়মিত প্রশিক্ষণ আয়োজনের প্রয়োজন সে সম্পর্কে একটা বিস্তারিত মতামত প্রদান করা।

০৫। জনাব মিজানুর রহমান, প্রোগ্রামার বলেন আমরা পূর্বে এসংক্রান্ত প্রশিক্ষণের মাধ্যমে এনালাইটিক্যাল বিশ্লেষণ সম্পর্কে ধারণা গ্রহণ করেছি। তার আলোকে বলা যায় বিগ ডেটা এনালাইসিস এর জন্য আমাদেরকে বেশকিছু সফটওয়্যার ক্রয় করতে হবে এবং সেগুলোর ওপর প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। সেই সাথে ব্যানবেইস এর ডেটাবেইজকে বিগডেটার আলোকে আরো বেশি সমৃদ্ধ করতে হবে।

০৬। আলোচনায় অংশ নিয়ে জনাব নজিম উদ্দিন আহম্মদ, প্রকল্প কর্মকর্তা UITRCE Phase-II, বলেন চতুর্থ শিল্প বিপ্লবের ব্লকচেইন, এআই ও বিগ ডেটা এনালাইসিস এর মতো বিষয়ে আমাদের সক্ষমতা অর্জন করতে হবে। এর জন্য প্রযুক্তিগত সহায়তা যেমন প্রয়োজন তেমনি প্রশিক্ষণ গ্রহণের কোন বিকল্প নেই। UITRCE Phase-II এই প্রকল্পের আওতায় সহায়তার ক্ষেত্রসমূহ সুযোগ হিসেব গ্রহণ করলে ব্যানবেইস তথা বাংলাদেশ খুব উপকৃত হবে।

০৭। জনাব নূর মোহাম্মদ, পরিসংখ্যান কর্মকর্তা বলেন আমরা R ও STATA সফটওয়্যারের মাধ্যমে ব্যানবেইস এর বিদ্যমান ডেটার ভিত্তিতে এনালাইটিক্যাল রিপোর্ট প্রণয়ন করা সম্ভব হবে। বিগ ডেটা এনালাইসিস করার মতো ডেটা আমাদের রয়েছে। আমদের প্রশিক্ষণের আয়োজন করা হলে আমাদের সক্ষমতা আরো বৃদ্ধি পাবে।

০৮। আলোচনার এক পর্যায়ে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের বিগ ডেটা ও ডেটা সাইন্স বিভাগের দুজন অধ্যাপক টেলিফোনে যুক্ত হন। উনারা আমাদের বিদ্যমান ডেটার আলোকে ও ভবিষ্যতে আরো কী কী পদক্ষেপ গ্রহণ করা উচিত সে বিষয়ে একটা মতামত প্রদান

করবেন বলে ইচ্ছা ব্যক্ত করেন। এ প্রসঙ্গে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ডেটা সাইন্স বিভাগের অধ্যাপক ব্যানবেইস এর কয়েকটি ডেটাসেট ই-মেইলে পাঠানোর জন্য অনুরোধ করেন। জবাবে শেখ মোঃ আলমগীর, চিফ পরিসংখ্যান আগামী রবিবারের মধ্যে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকের কাছে ব্যাবেইস এর ডেটা সেটটি পাঠানোর নিমিত্ত প্রস্তুত করার জন্য জনাব সুজন চন্দ্র দাস কে অনুরোধ করেন।

**৯। সভায় আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:**

ক) বিগ ডেটা এনালাইসিস সংক্রান্ত বিষয়ে চূড়ান্ত মতামত প্রদানের লক্ষ্যে এ সংক্রান্ত বিষেজ্ঞ মতামত গ্রহণে সিদ্ধান্ত গৃহিত হয়; সে লক্ষ্যে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ডেটা সাইন্স বিভাগের অধ্যাপক মোঃ রেজাউল করিম এর নিকট ব্যানবেইস এর ডেটাসেট পাঠিয়ে মতামত গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য সকলে একমত হন;

খ) বিশেজ্ঞ মতামত পাওয়ার পর চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় ব্লকচেইন, এআই প্রযুক্তির ব্যবহার ও বিগ ডেটা এনালাইসিস বিষয়ক প্রযুক্তিগত সহায়তা ও প্রশিক্ষণ সংক্রান্ত চূড়ান্ত সুপারিশ প্রণয়ণের সিদ্ধান্ত গৃহিত হয়।

৭। সভায় আর কোন আলোচনা না থাকার সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষর/১২/২০২২

(শেখ মোঃ আলমগীর)
চিফ পরিসংখ্যান
☎ ৫৫১৫১৮১৫

<u>**বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**</u>

১. জনাব মোঃ মিজানুর রহমান, প্রোগ্রামার, ব্যানবেইস, ঢাকা।
২. জনাব মোঃ নাসির উদ্দিন গণি উপপ্রকল্প পরিচালক, IEIMS প্রকল্প, ব্যানবেইস, ঢাকা।
৩. জনাব মোঃ নাজিম উদ্দিন আহম্মদ, প্রকল্প কর্মকর্তা, UITRCE, Phase-II, ব্যানবেইস, ঢাকা।
৪. জনাব সুজন চন্দ্র দাস, সহকারী প্রোগ্রামার, ব্যানবেইস, ঢাকা।
৫. জনাব নূর মোহাম্মদ, পরিসংখ্যান অফিসার, ব্যানবেইস, ঢাকা।
৬. অফিস কপি।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ:

১. পরিচালক, ব্যানবেইস
২. সিনিয়র সিস্টেম এনালিস্ট/চিফ পরিসংখ্যান বিভাগ/ চিফ ডিএলপি বিভাগ
৩. সহকারী পরিচালক (প্রশাসন-১) ব্যানবেইস, ঢাকা, (~~আপ্যায়নের অনুরোধসহ~~)
৪. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবিগতির জন্য) ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত) ঢাকা-১২০৫।
web:www.banbeis.gov.bd

# Big data Implementation সংক্রান্ত সভার উপস্থিতি:

জ্যেষ্ঠতার ক্রমানুযায়ী নয়:

| ক্রমিক নং | নাম, পদবি ও প্রতিষ্ঠান | ই-মেইল ও মোবাইল নাম্বার | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | শেখ মো: আলমগীর, চীফ, পরিসংখ্যান বিভাগ, ব্যানবেইস, | alamgir_asif@yahoo.com chief_stat@banbeis.gov.bd | [signature] |
| ২ | মো: মিজানুর রহমান প্রোগ্রামার- ব্যানবেইস | cosmicsun@gmail.com | [signature] |
| ৩ | | | |
| ৪ | নাজিম উদ্দিন আহমদ সহকারী কর্মকর্তা UITRCE-II BANBEIS | nazim.shugan@gmail.com 01710845798 | [signature] |
| ৫ | MOINUL ISLAM Head of Product & Business Development. Dynamic Solution Innovators Ltd. | moinul.islam@dsinnovators.com 01730037403 | Moinul Islam |
| ৬ | Md. Nazmus Sakib Senior Executive Sales | nazmus.sakib@dsinnovators.com 01671577904 | Sakib |
| ৭ | SHEIKH AL AMIN SUNOYON Sr. S/W Engineer, DSi | sheikh.amin@dsinnovators.com 01735152546 | Sunoyon |
| ১০ | Dr. MD. NASIR UDDIN GONI DPD. IEIMS, Project | 01712653333 myaudri75@gmail.com | [signature] |